

২০২০ সালের আদমশুমারিতে অংশ নিন-গননায় অন্তর্ভুক্ত হোন

২০২০ সালের আদমশুমারির লক্ষ্য যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রতিটি মানুষকে গণনা করা। আমাদের পরিবার এবং কমিউনিটির জন্য কিভাবে আগামী ১০ বছর সরকারি তহবিল দ্বারা বিভিন্ন ধরনের সুযোগ সুবিধা নিশ্চিত করা যায় তা এই গণনা নির্ধারন করে থাকে।



পাবলিক স্কুল



স্বাস্থ্যসেবা



খাদ্য সেবা প্রোগ্রামের ব্যবস্থা



নিরাপদ সড়ক এবং উন্নতমানের
যাতায়াতের ব্যবস্থা



সাম্প্রদায়িক মূল্যে
বাসা বাড়ি



রাজনৈতিক
প্রতিনিধিত্ব

আমাদের কমিউনিটির আগামী ১০ বছরের ভবিষ্যৎ পরিকল্পনা করার সুযোগ আমাদেরই হাতে। আপনার ২০২০ সালের আদমশুমারির প্রশ্নাবলীটি পূরণ করে কমিউনিটির জন্য ইতিবাচক পরিবর্তন গোড়ে তুলতে সহায়তা করুন।

বিস্তারিত তথ্য জানতে অনুগ্রহ করে এই ওয়েবসাইটগুলোতে জানঃ

www.2020Census.gov

www.newyorkcounts2020.org

সোশ্যাল মিডিয়াতে আমাদের ফলও করুন!

@NewYorkCounts2020

#NewYorkCounts2020





২০২০ সালের আদমশুমারির ফরমটি পূরণ করুন

২০২০ সালের আদমশুমারির লক্ষ্য যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রতিটি মানুষকে গণনা করা। আমাদের পরিবার এবং কম্যুনিটির জন্য কিভাবে আগামী ১০ বছর সরকারি তহবিল দ্বারা বিভিন্ন ধরনের সুযোগ সুবিধা নিশ্চিত করা যেতে পারে তা এই গণনা নির্ধারন করে।

২০২০ সালের আদমশুমারির ফরমটি পূরণ করার ৩টি ভিন্ন পদ্ধতি আছে



প্রতিটি পরিবার
আদমশুমারির ফরমটি
চাইলে অনলাইনে পূরণ
করতে পারবে।



আদমশুমারির ফরমটি
ফোনের মাধ্যমে পূরণ করার
জন্য একটি নির্দিষ্ট ফোন
নম্বর দেওয়া থাকবে।



কিছু পরিবার আদমশুমারি
প্রশ্নাবলীর একটি কাগজের
ফরম তাদের বাসস্থানের
ঠিকানায় মেইল এর মাধ্যমে
পেতে পারে।

গুরুত্বপূর্ণ তথ্যঃ

1. আপনার পরিবারের প্রত্যেককেই জনগণনায় অবশ্যই অন্তর্ভুক্ত হতে হবে। এমনকি আপনার বাসস্থানে যদি কোনও শিশু বা কোনও রুমমেট থেকে থাকে তাদেরকেও আদমশুমারির ফরম এ উল্লেখ করতে হবে।
2. ২০২০ সালের আদমশুমারি শুধুমাত্র আপনার প্রাথমিক পর্যায়ের তথ্য জানতে চাইবে। যেমন ধরুন আপনার নাম, লিঙ্গ, বয়স ও ইত্যাদি।
3. আদমশুমারির কত্ৰিপক্ষ আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর বা আপনার ক্রেডিট কার্ডের তথ্য সম্বন্ধে কিছু জানতে চাইবে না।
4. আদমশুমারি দপ্তর দ্বারা সংগৃহীত আপনার দেওয়া তথ্য যুক্তরাষ্ট্রীয় সরকারের কাছে সুরক্ষিত অবস্থায় থাকবে এবং সে তথ্য তারা কখনোই কোনও ধরনের আইন প্রয়োগকারী সংস্থার কাছে প্রকাশ করবে না।
5. ২০২০ সালের আদমশুমারি দ্বারা গণ্য হওয়া আপনার সাংবিধানিক অধিকার।
6. আমরা নিউ ইয়র্কের বাসিন্দারা যদি ২০২০ সালের আদমশুমারি দ্বারা গণনায় ঠিকমত অন্তর্ভুক্ত না হতে পারি তাহলে সরকারের কাছে আমাদের ন্যায্য প্রতিনিধিত্বের সম্ভাবনা আরও দুর্বল হয়ে পড়বে এবং আমরা সব ধরনের সরকারি সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হবো।

হটলাইন

Asian Americans Advancing Justice

1-844-2020-API

Lawyers' Committee for Civil Rights

1-888-Count-20